

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
তারিখ : ১০.১০.২০১৯
সময় : সকাল ১১.০০ টা
স্থান : বিএমডির সভা কক্ষ।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি ছাড়া বিকল্প নেই। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন যে, বিএমডির ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত ৪ টি উদ্ভাবনী পরিকল্পনার মধ্যে মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের সার্চ লিস্ট চালুকরণ অন্যতম। তিনি আরও বলেন যে, বিএমডির বিরুদ্ধে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান কর্তৃক মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত মামলাসমূহের শুনানীর তারিখ, মামলার রায় বা মামলার সর্বশেষ অবস্থা জানার জন্য মামলাসমূহের সার্চ লিস্ট সেবা ইতোমধ্যে চালু করা হয়েছে। ফলে যেকোনো মামলার শুনানীর তারিখ, আদালত কর্তৃক প্রদত্ত রায় বা মামলার সর্বশেষ অবস্থা এসএমএস এর মাধ্যমে বিএমডিকে অবহিত করা হচ্ছে। ফলশ্রুতিতে বিএমডি মামলা বিষয়ে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সক্ষম হচ্ছে। সভায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ৩১.১২.২০১৯ তারিখের মধ্যে বিএমডির দপ্তরে অনার বোর্ড স্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত :

- (১) সার্চ লিস্ট সেবার মাধ্যমে মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত মামলাসমূহের ক্ষেত্রে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখা,
- (২) বিএমডির দপ্তরে অনার বোর্ড স্থাপন।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১০.১০.২০১৯


মোঃ মামুনুর রশীদ
সভাপতি, ইনোভেশন কমিটি
ও
উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২.৫৩২

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬
১০ অক্টোবর ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দূ.আ.-চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
- ২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৪। সংশ্লিষ্ট নথি।



১০.১০.২০১৯

মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক